




## নোটিশ

বিষয় : ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির (জানুয়ারী-মার্চ/২৩) চলতি সাধারণ সভার আয়োজন প্রসঙ্গে।

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন জাইকা সাহায্যপুষ্ট “সিটি গভার্নেন্স প্রজেক্ট” (সিজিপি) প্রকল্পের আওতায় গঠিত গাজীপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির আপনি একজন সম্মানিত সদস্য। সেই লক্ষ্যে আগামী ১৬/০২/২৩ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় আমার (কাউন্সিলর) অফিসে ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির চলতি সাধারণ সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত থেকে আপনার স্বাধীন মতামত প্রদান করে উল্লেখিত কমিটিকে আরও শক্তিশালী ও কার্যকর ভূমিকা রাখতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে

  
কাউন্সিলর ও কমিটি চেয়ারম্যান  
আলহাজ্জ মোঃ মিজানুর রহমান  
৩৩ নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন।

অর্ডিনেশন কমিটির (জানুয়ারী-মার্চ/২৩) চলতি সাধারণ সভায় উপস্থিত সদস্য ও সদস্য সচিবের স্বাক্ষর লিপিবদ্ধ করা হলো।

সভার তারিখ : ১৬/০২/২০২৩ ইং।

ক্রমিক নং	সম্মানিত সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
০১	আলহাজ্ব মোঃ মিজানুর রহমান	চেয়ারম্যান	
০২	রুহন নেছা রুনা	কো- চেয়ারম্যান	
০৩	আব্দুল জলিল খন্দকার	সদস্য	আব্দুল জলিল খন্দকার
০৪	মোঃ আবুল হাশেম	ঐ	হাশেম
০৫	মোঃ মমতাজ উদ্দিন	ঐ	মমতাজ
০৬	বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম	ঐ	নুরুল
০৭	মোঃ হারুন অর রশিদ	ঐ	হারুন
০৮	মাজেদুল ইসলাম কাজল	ঐ	KAJOL
০৯	মোঃ রুবেল খান	ঐ	Rubel
১০	রফিকুল ইসলাম	ঐ	Rafique
১১	ফাহিমদুর রহমান আসিফ	ঐ	আসিফ
১২	হাসিনা আক্তার	ঐ	Hosina
১৩	খালেদা আক্তার কল্পনা	ঐ	খালেদা আক্তার
১৪	মোঃ আল-আমিন	ঐ	আল-আমিন
১৫	মোঃ ফারুক হোসেন	ঐ	ফারুক
১৬	মোঃ আল আমিন	ঐ	আল-আমিন
১৭	কবির হোসেন খোকন	ঐ	
১৮	মোঃ রফিকুল ইসলাম	ঐ	মোঃ রফিকুল ইসলাম
১৯	মোঃ শাহজাহান মিয়া	ঐ	শাহজাহান
২০	নুরুল নাহার আক্তার	সদস্য সচিব	নুরুল নাহার

৩৩ নং ওয়ার্ড লেভেল কর্ডিনেশন কমিটি (ডব্লিউ এল সি সি) এর (জানুয়ারী-মার্চ/২৩) চলতি সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ আলহাজ্ব মোঃ মিজানুর রহমান

কাউন্সিলর ও চেয়ারম্যান, কমিটি ৩৩ নং ওয়ার্ড,  
উত্তর খাইলকুর, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর-১৭০৪।

সভার স্থান : কাউন্সিলরের কার্যালয় কক্ষ

সভার তারিখ : ১৬/০২/২০২৩ ইং

সভার সময় : সকাল ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত চেয়ারম্যান, কো-চেয়ারম্যান ও অন্যান্য সদস্যবৃন্দের আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রসঙ্গ লিপিবদ্ধ করা হল।

সভার প্রারম্ভে কমিটির চেয়ারম্যান মহোদয় ৩৩ নং ওয়ার্ড লেভেল কর্ডিনেশন (WLCC) প্রকল্পের উদ্দেশ্যে কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
কমিটির ০৫ম তম সদস্য মোঃ মমতাজ উদ্দিন উত্তর খাইলকুর, আদর্শ নগর ডাক্তার বাড়ি হইতে বাইতুল করিম ও মৃধা বাড়ী জামে মসজিদ হইয়া তাজউদ্দিন মৃধা স্কুল রোড পর্যন্ত সংযোগ সড়ক ডব্লিউ এল সি সি প্রকল্পের মাধ্যমে আর. সি. সি ড্রেন সহ রাস্তা পাকাকরনের জন্য জোড় দাবী করেন।	চেয়ারম্যান ড্রেন ও রাস্তা নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	
কমিটির ১৩ তম সদস্য কল্পনা বেগম উত্তর খাইলকুর, হাজী আব্দুর রশিদ সড়ক হইতে নীল মিয়ার বাড়ী ও তপনের বাড়ী হইয়া টিনের মসজিদ রোড পর্যন্ত সংযোগ সড়ক ডব্লিউ এল.সি.সি প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা পাকাকরন করার জন্য জোড় দাবী জানান।	চেয়ারম্যান যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে অত্র ব্যপারে দ্রুত সিদ্ধান্ত নিবেন বলে আশ্বস্ত করেন।	
কমিটির ১৬তম সদস্য মোঃ আল-আমিন উত্তর খাইলকুর, জান্নাতুল ফেরদৌস জামে মসজিদ হইতে পলাগাছ উত্তর পাড়া জামে মসজিদ হইয়া খাল পর্যন্ত রাস্তাটি ডব্লিউ এল.সি.সি প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা পাকাকরনের জন্য জোড় দাবী জানান।	চেয়ারম্যান যথাযথ কর্তৃপক্ষের বরাবরে আবেদন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	
কমিটির ১৯তম সদস্য মোঃ শাহজাহান মিয়া উত্তর খাইলকুর, বটতলা-মৈরান রাস্তা হইতে করম আলী দিঘী হইয়া মোহাম্মদ এর বাড়ি পর্যন্ত সংযোগ সড়ক ডব্লিউ এল.সি.সি প্রকল্পের মাধ্যমে আর.সি.সি ড্রেন সহ রাস্তা পাকাকরনের জন্য জোড় দাবী জানান।	চেয়ারম্যান ড্রেন ও রাস্তা নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে কথা বলবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভায় উপস্থিত সদস্যদের পক্ষ থেকে ৩৩ নং ওয়ার্ড ডব্লিউ এল.সি.সির কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর জনাব আলহাজ্ব মোঃ মিজানুর রহমানকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়। অদ্যকার সভায় গৃহীত সুপারিশ সম্বলিত সিদ্ধান্ত সমূহ যথাযথ কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করা হবে জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আলহাজ্ব মোঃ মিজানুর রহমান  
কাউন্সিলর, ৩৩ নং ওয়ার্ড  
গাজীপুর সিটি কর্পোরেশন।  
গাজীপুর সিটি কর্পোরেশন